# ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

www.uniqueprogressiveschool.com www.progressivenurseryschool.com

## ষষ্ঠ থেকে দশম শ্রেণির নোটিশ

এতদ্বারা অত্র বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত বছর শিক্ষার্থীর মাসিক বেতন ১২০০/- (এক হাজার দুইশত) টাকা নেয়া হয়েছে। বর্তমানে সরকার কর্তৃক নির্ধারিত মাসিক বেতন ও আনুষাঙ্গিক ফি নেওয়া হচ্ছে। এই মাসিক বেতনে বিদ্যালয় পরিচালনা প্রায় অসম্ভব। ভবিষ্যতে মাসিক ফি পুন: নির্ধারণ হওয়ার সম্ভাবনা রয়েছে। সেক্ষেত্রে পরবর্তীতে মাসিক ফি সমন্বয় যোগ্য হবে। এই বিষয়টি সকলকে অবগত করা হল এবং ভবিষ্যতে সমন্বয়ের বিষয়টি মেনে নিয়ে শিক্ষার্থী ভর্তি করার অনুরোধ করা হল। ২০২৫ নতুন শিক্ষাবর্ষে ০১.০১.২০২৫ ইং তারিখ, বুধবার থেকে ক্লাশ শুরু হবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত নিম্ন সময়সূচি অনুযায়ী ক্লাশ চলবে এবং বেতন ও অন্যান্য ফি আদায় করা হবে।

### ক্লাশ এবং বেতন ও অন্যান্য ফি আদায়ের সময়সূচি :

| শাখা | ক্লাশের সময় | বেতন ও অন্যান্য ফি আদায়ের তারিখ | সময় | মাসিক বেতন ও বার্ষিক অন্যান্য ফি | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | শ্রেণি | মাসিক বেতন | সেশন ফি, উন্নয়ন ফি, আইসিটি ফি ও অন্যান্য আনুষাঙ্গিক ফি | মোট |
| **প্রভাতি** | সকাল ৮:৩০ মি. থেকে ১০:৫৫ মি. | ০১.০১.২০২৫ থেকে ১৬.০১.২০২৫ (শুক্রবার ও সরকারী ছুটির দিন ব্যতিত) | সকাল ৮:৩০ মি. থেকে বিকেল ২:৩০ মি. পর্যন্ত | **৬ষ্ঠ থেকে ৮ম** | ৬০০/- | ৪,০০০/- | **৪,৬০০/-** |
| **দিবা** | দুপুর ১২:২০ মি. থেকে ২:৪৫ মি. | | | **৯ম থেকে ১০ম** | ৭০০/- | ৪,০০০/- | **৪,৭০০/-** |

১। ২০২৪ সালের বার্ষিক সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদেরকে ০১ জানুয়ারি, ২০২৫ ইং তারিখ, বুধবার থেকে ১৬ জানুয়ারি, ২০২৫ ইং তারিখ, বৃহস্পতিবার এর মধ্যে বেতন ও অন্যান্য বার্ষিক ফি পরিশোধ করতে হবে।

২। উক্ত তারিখের মধ্যে যারা বেতন ও অন্যান্য ফি পরিশোধ করবে না তাদের আসন শূন্য বলে বিবেচনা করা হবে এবং লটারির মাধ্যমে নির্বাচিতদের মধ্যে থেকে শূন্য আসনে নতুন ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

৩। অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের বেতন ও অন্যান্য পাওনাদি পরিশোধ করে প্রমাণ পত্র (বেতন কার্ড) দেখিয়ে স্কুল থেকে পাঠ্য বই সংগ্রহ করতে হবে।

৪। কোন ছাত্র/ছাত্রী ছাড়পত্র (T.C) নিতে চাইলে মাসিক বেতনের সমপরিমাণ টাকা টি.সি. ফি জমা দিয়ে বিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে আবেদন করলে পরবর্তী কর্মদিবসে ছাড়পত্র (T.C) প্রদান করা হবে। বেতন কার্ড নিয়ে আসতে হবে। ছাড়পত্র (T.C) আগামী ৩১/০১/২০২৫ ইং তারিখের মধ্যে নিতে পারবে। ৩১/০১/২০২৫ ইং তারিখের পরে ছাড়পত্র (T.C) নিতে চাইলে মাসিক বেতন ও অন্যান্য বার্ষিক ফি অবশ্যই পরিশোধ করতে হবে।

৫। শীতকালে সকল ছাত্র-ছাত্রীকে অবশ্যই স্কুলের নির্ধারিত পোশাকের সাথে সাদা ক্যাডস/কালো সু ও সাদা মোজা এবং নেভি ব্লু রংয়ের সোয়েটার পরিধান করতে হবে। ছাত্র-ছাত্রীদের সকলকেই স্কুল থেকে কাপড়ের ব্যাজ এবং শোল্ডার ব্যাজ সরবরাহ করা হবে। ব্যাজ জামায় সেলাই করে লাগাতে হবে।

**প্রধান শিক্ষক**
ইউনিক প্রগ্রেসিভ স্কুল, ময়মনসিংহ

তারিখ ঃ ৩১/১২/২০২৪ ইং